



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
<http://dpe.mymensinghdiv.gov.bd>

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.০০০.০৮.০০৭৬.২৫.১৫

অফিস আদেশ

প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের আওতাধীন নিম্নবর্ণিত শিক্ষককে তার নামের পাশে বর্ণিত সময়ের জন্য উল্লিখিত দেশ ভ্রমণের অনুমতি সহ নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১)(iii) ধারা মোতাবেক অর্ধগড় বেতনে বহিঃ বাংলাদেশ ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হলো:

ক্রমিক নং	শিক্ষকের নামপদবী ও কর্মস্থল	ভ্রমণের সময় কাল	ভ্রমণের উদ্দেশ্য	যে দেশ ভ্রমণ করবেন
১	জনাব সাহারা বেগম সহকারী শিক্ষক পশ্চিম পলিশা সরকারী প্রাথমিক বিদ্যালয় মাদারগঞ্জ, জামালপুর	০৫/০১/২০২৬ তারিখ হতে ২৫/০১/২০২৬ খ্রিঃ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ২১(একুশ) দিন।	পবিত্র ওমরা হজ্জ পালন	সৌদি আরব

শর্তাবলী :

- আবেদনকারীর ছুটির হিসাবে ছুটি পাওনা থাকতে হবে ;
 - ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা /থানা শিক্ষা অফিসার এবং উপজেলা /থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে;
 - বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা /থানা শিক্ষা অফিসার এবং উপজেলা /থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন ;
 - বিদেশে গমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
 - তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন ;
 - তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না ;
 - অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না ;
 - অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R(part-1) এর Appendix-viii এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে
- ২। জেলা নির্বাচন অফিসারের অনাপত্তিপত্রের প্রেক্ষিতে এ আদেশ জারী করা হলো।
- ৩। জনাব সাহারা বেগম এর ছেলে জনাব আবু সাঈদ মোহাম্মদ শামীম স ফরসঙ্গী হবেন।

০৭-০১-২০২৬
মোঃ জালাল উদ্দিন
উপপরিচালক(চলতিদায়িত্ব)

নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.০০০.০৮.০০৭৬.২৫.১৫/১ (৬)

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- পরিচালক, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, জামালপুর।
- ইমিগ্রেশন অফিসার, স্কলবন্দর(সকল)।

৪। উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস, মাদারগঞ্জ, জামালপুর।

৫। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উপজেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।

৬। জনাব সাহারা বেগম, সহকারী শিক্ষক, পশ্চিম পলিশা সরকারী প্রাথমিক বিদ্যালয় মাদারগঞ্জ, জামালপুর।



A handwritten signature in black ink, located to the right of the QR code.

০৭-০১-২০২৬

মোঃ জালাল উদ্দিন

উপপরিচালক(চলতিদায়িত্ব)